

# আবহাওয়া বার্তা

## এপ্রিল ২০১৯

- এপ্রিল মাসে দেশে স্বাভাবিকের চেয়ে কিছুটা বেশি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
- এপ্রিল মাসে দেশের উত্তর থেকে মধ্যাঞ্চলে পর্যন্ত ২-৩ দিন মাঝারি/তীব্র বজ্রঝড় (কালবৈশাখী) ও দেশের অন্যত্র ৫-৬ দিন হালকা/মাঝারি বজ্রঝড় (কালবৈশাখী) হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে।
- এপ্রিল মাসে দেশের উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চলে ০১ (এক) টি তীব্র তাপপ্রবাহ (>৪০ ডিগ্রি সে.) এবং অন্যত্র ১-২টি মৃদু (৩৬-৩৮ ডিগ্রি সে.)/মাঝারি (৩৮-৪০ ডিগ্রি সে.) তাপপ্রবাহ বয়ে যেতে পারে।
- ভারী বৃষ্টিপাতজনিত কারণে এপ্রিল মাসের শেষার্ধ্বে দেশের উত্তর-পূর্বাঞ্চলে আকস্মিক বন্যার সম্ভাবনা রয়েছে। দেশের অন্যান্য স্থানে নদ-নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
- এ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৪.০ থেকে ৫.০ মি.মি. এবং গড় সূর্য কিরণকাল ৬.৭৫ থেকে ৭.৭৫ ঘন্টা থাকতে পারে।

## মে ২০১৯

- মে মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে এবং এর মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
- মে মাসে উত্তর, উত্তর-পূর্বাঞ্চল ও মধ্যাঞ্চলে ২-৩ দিন মাঝারি/তীব্র বজ্রঝড় (কালবৈশাখী) ও দেশের অন্যত্র ৩-৪ দিন হালকা/মাঝারি বজ্রঝড় (কালবৈশাখী) হতে পারে। মে মাসে দেশের উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চলে ১-২ টি তীব্র তাপপ্রবাহ (>৪০ ডিগ্রি সে.) এবং অন্যত্র ২-৩টি মৃদু (৩৬-৩৮ ডিগ্রি সে.)/মাঝারি (৩৮-৪০ ডিগ্রি সে.) তাপপ্রবাহ বয়ে যেতে পারে।

## জুন ২০১৯

- জুন মাসের প্রথমার্ধ্বে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
- জুন মাসে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
- জুন মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।

সূত্র : বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, তারিখ : ০৪ এপ্রিল ২০১৯

প্রচারে :



কৃষি তথ্য সার্ভিস  
www.ais.gov.bd



কৃষি মন্ত্রণালয়  
www.moa.gov.bd